

বন্যার্টদের সাহায্যার্থে ক্যাম্পবেলটাউন বাংলা স্কুলের \$১৬১৫ সংগ্রহ

সম্পত্তি কুইন্সল্যান্ডে সর্বনাশা বন্যা ও ঘূর্ণীঝড় আক্রান্তদের সাহায্যার্থে গত ১৩ই ফেব্রুয়ারী The Grange Public School, Minto তে আয়োজিত Breakfast এর মাধ্যমে ক্যাম্পবেলটাউন বাংলা স্কুল \$১৬১৫ (এক হাজার ছয় শত পঞ্চেরো) ডলার সংগ্রহ করে। অনুষ্ঠানে স্থানীয় ফেডারেল এমপি মি: লরি ফারগুসন, স্টেট এমপি ডাঃ এন্ডু ম্যাকডোনাল্ড, কাউন্সিলর এ্যানুলাক চানদিভং সহ স্থানীয় এবং সিদ্ধনীর অন্যান্য এলাকার বাংলাদেশী ব্যক্তিবর্গ অংশগ্রহণ



করেন। উভয় এমপিবৃন্দ ক্যাম্পবেলটাউন বাংলা স্কুল সহ বাংলাদেশী কমিউনিটির আরো কয়েকটি সংগঠনের এই ধরনের উদ্যোগকে স্বাগত জানান এবং এর ভুঁয়শী প্রশংসা করেন। উল্লেখ্য, স্কুলের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন ব্যক্তিবর্গ নাশতার যাবতীয় খাবার প্রদান করেন এবং অন্যান্যদের সাথে নিজেরাও নাশতা কিনে থান।

সংগৃহীত \$১৬১৫ ডলারের একটি চেক Westpac ব্যাংকে Premier's Disaster Relief Appeal ABN No. 69689161916 এর হিসাবে গত ১৫ই ফেব্রুয়ারী জমা দেওয়া হয়েছে।

ক্যাম্পবেলটাউন বাংলা স্কুলের পক্ষে
আব্দুল জলিল